

মহারাষ্ট্র থেকে
মমতার হস্তক্ষেপে
মুক্ত ও জন মতুয়া

আজকাল

পাটনার এইমস
হস্টেলে মিলল
ছাত্রের দেহ

www.ajkaal.in

কলকাতা ৪ প্রাণ ১৪০২ সোমবার ২১ জুলাই ২০২৫ শহর সংস্করণ ৪.০০ টাকা ১২ পাতা

পশ্চিমবঙ্গের বাইরে অতিরিক্ত বিমান মাল ১ টাকা

প্ল্যাটিনাম জয়ন্তী বর্ষে ন্যাক এ+ গ্রেড পেল ঠাকুরপুকুরের বিবেকানন্দ কলেজ

ঐতিহ্য ও সাফল্যের গর্বিত মেলবন্ধনে, কলকাতার দক্ষিণ প্রান্তে সবুজে ঘেরা বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুর তার মুকুটে এক উজ্জ্বল পালক যুক্ত করল। প্রশংসনীয় ৩.২৮ সিজিপিএ-সহ এই কলেজ পেল ন্যাক এ+ গ্রেড।

‘এই সম্মান এমন এক বিশেষ তাৎপর্যপূর্ণ সময়ে এল, যখন কলেজ তার প্ল্যাটিনাম জুবিলি বছর উদ্‌যাপন করছে, যা শিক্ষাগত উৎকর্ষ ও সামগ্রিক শিক্ষার প্রতি ৭৫ বছরের অবিচল অঙ্গীকারের প্রতীক।

১৯৫০-এর ২১ আগস্ট প্রতিষ্ঠিত, একসময় বড়িষা কলেজ নামে পরিচিত এই প্রতিষ্ঠানটি পশ্চিমবঙ্গ সরকারের পৃষ্ঠপোষকতায় একটি ইন্টারমিডিয়েট কলেজ থেকে ডিগ্রি কলেজে পরিণত হয়েছে।

ন্যাক পিয়ার টিমের সাম্প্রতিক পরিদর্শনে প্রাথমিকভাবে ‘এ’ গ্রেড দেওয়া হয়েছিল। তবে, পুনর্মূল্যায়নের পর চলতি

বছরের ১৮ জুলাই সেই স্কোর ‘এ+’ গ্রেডে উন্নীত করা হয়, যা সমগ্র কলেজ পরিবারের জন্য এক বিশাল গর্বের মুহূর্ত।

৬.১৭ একর সবুজ ক্যাম্পাসের সঙ্গে কলেজটি বিশেষত গ্রামীণ শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেয় এবং সমকক্ষ প্রতিষ্ঠানগুলির মধ্যে সর্বাধিক সংখ্যক ছাত্রী নিয়ে গর্ব করে। কলেজে বিজ্ঞান, কলা এবং বাণিজ্য শাখার ২৩টি স্নাতক ও ৪টি স্নাতকোত্তর প্রোগ্রাম-সহ নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করে চলেছে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজে ২০০৯ সালে প্রতিষ্ঠিত একটি সক্রিয় অভ্যন্তরীণ গুণমান নিশ্চিতকরণ সেল (আইকিউএসি) দ্বারা আরও শক্তিশালী হয়েছে। প্রতিষ্ঠানটি একাধিক আইএসও সার্টিফিকেশন, আরইউএসএ এবং ইউজিসি অনুদানে সম্মানিত হয়েছে এবং ‘তমসো মা জ্যোতির্গময়’ নীতিবাক্যকে পাথেয় করেই অজ্ঞানতার অন্ধকার থেকে জ্ঞানের আলোর দিকে এগিয়ে চলেছে।